

## বিষয় -- সংস্কৃত (দ্বাদশ শ্রেণির জন্য) | পাঠ্যবিষয়--- "শ্রীগঙ্গাস্তোত্রম্"।

শ্রীগঙ্গাস্তোত্রম্ পদ্যাংশের নির্বাচিত প্রশ্ন ও প্রশ্নগুলির উত্তর :--

1) প্রশ্ন : ত্রিভুবন বলতে কী বোঝায়?

উত্তর : ত্রিভুবন বলতে স্বর্গ, মর্ত্য ও পাতালকে বোঝায়।

2) প্রশ্ন : 'শ্রীগঙ্গাস্তোত্রম্'এ উল্লিখিত সমুদ্রবাচক প্রতিশব্দগুলি লেখ।

উত্তর: পারাবার, সাগর, অন্ধি, উদধি, সিন্ধু, অর্ণব, রত্নাকর ,জলনিধি প্রভৃতি।

3) প্রশ্ন : গঙ্গাকে পতিতোদ্ধারিণী বলা হয়েছে কেন?

উত্তর: পবিত্র গঙ্গা সকল পাপী, পতিতদের কলুষ বা পাপনাশকারিণী বলে গঙ্গাকে পতিতোদ্ধারিণী বা পৃথিবীতে পাপীদের উদ্ধার- কারিণী বলা হয়েছে।

4) প্রশ্ন : শঙ্করাচার্যের মতে গঙ্গা মানুষের জন্য কি কি করেন?

উত্তর : শঙ্করাচার্যের মতে গঙ্গা মানুষের জন্য নরক থেকে উদ্ধার , কল্প বৃক্ষের মত আকাঙ্ক্ষাপূরণ, পতিতজনের উদ্ধার, দুষ্কৃতি মুক্ত এবং সুখ ও কৃপা করেন।

5) প্রশ্ন : "বৈকুণ্ঠে তস্য নিবাসঃ"--'তস্য' পদে কার কথা বোঝানো হয়েছে?

উত্তর : উদ্ধৃতাংশে 'তস্য' পদে গঙ্গাতীরে বা কাছে বসবাসকারী ব্যক্তিকে বোঝানো হয়েছে।

6) প্রশ্ন : কে পুনর্বীর মাতৃগর্ভে প্রবেশ করেন না ?

উত্তর : কোনো প্রাণী যদি গঙ্গায় স্নান করে, তবে তাকে আর পুনর্বীর মাতৃ গর্ভে জন্ম নিতে হয় না।

7) প্রশ্ন : শঙ্করাচার্য 'শ্রীগঙ্গাস্তোত্রম্' পাঠ্যাংশের শেষের দিকে গঙ্গার কাছে কী প্রার্থনা করেছেন?

উত্তর : শঙ্করাচার্য 'শ্রীগঙ্গাস্তোত্রম্' পাঠ্যাংশের নবম স্তোত্রে গঙ্গার কাছে প্রার্থনা করেছেন তিনি যেন শঙ্করের রোগ-শোক -পাপ- তাপ এবং কুমতিসমূহ দূর করেন।

8) প্রশ্ন: গঙ্গার অপর নাম ভীষ্মজননী কেন?

উত্তর :অভিশপ্ত অষ্টবসুকে উদ্ধার করতে গঙ্গা রাজা শান্তনুকে বিবাহ করে অষ্টমবসুকে জন্মদেন বলেই গঙ্গার অপর নাম ভীষ্মজননী।

-----